

২০২০

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-7

(বাংলা প্রবন্ধের রূপভেদ, জীবনী ও প্রবন্ধ পাঠ)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:  $২ \times ১০ = ২০$ 

- ক) দুজন প্রাবন্ধিকের নাম লেখো ও তাঁদের একটি করে প্রবন্ধের নাম লেখো।
- খ) পত্রসাহিত্যের একটি বৈশিষ্ট্য নিজের ভাষায় লেখো।
- গ) একটি ভ্রমণসাহিত্যের মধ্যে দুটি বিষয়ের উল্লেখ করো যা তথ্যরূপে ব্যবহৃত হয়।
- ঘ) জীবনী কয় প্রকারের হয়? প্রতিটির একটি করে উদাহরণ দাও।
- ঙ) রম্যরচনা কাকে বলে?

- চ) রাসসুন্দরী দেবীর কত সালে কোন্ মাসে জন্ম? ১৩০৩ সালে তাঁর বয়স কত ছিল বলে তিনি উল্লেখ করেছেন?
- ছ) ‘আমার জীবন’ গ্রন্থটির কটি ভাগ? প্রতি ভাগে মোট কটি করে রচনা আছে?
- জ) ‘আমি তাহাকে দেখিয়া ছেলে-ধরা ভাবিয়া ভয়ে এককালে মৃতপ্রায় হইলাম।’— ‘আমার জীবন’ গ্রন্থে কে কার সম্পর্কে একথা বলেছেন?
- ঝ) তখনকার দিনে ভাল বৌ হয়ে ওঠার যে দুটি বৈশিষ্ট্য রাসসুন্দরী দেবী লিখেছেন তা উল্লেখ করো।
- ঞ) ‘আমি প্রাতঃকাল হইতে ওই সমুদায় কাজ করিতে আরম্ভ করিতাম।’ — কে একথা বলেছেন? তাঁর কাজের শেষ কখন হত?
- ট) ‘আমি কোন রিজলিউশ্যনই করিতে প্রস্তুত নহি।’ — কে কোন্ রচনায় একথা বলেছে?
- ঠ) ‘তুমি আমার মন চুরি করিয়াছ।’ — কে কাকে একথা বলেছে?
- ড) ‘এক্ষণে কালগর্ভে নিহিতা।’ — কি প্রসঙ্গে একথা বলা হয়েছে দুটি বাক্যে লেখ।
- ঢ) ‘প্রীতি সংসারে সর্বব্যাপিনী।’ — কে কোন্ রচনায় একথা বলেছে?
- ণ) ‘মনুষ্যফল’ রচনায় নারিকেলের যে চারটি সামগ্রীর কথা বলা হয়েছে সেগুলি কি কি?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

- ক) প্রবন্ধ কাকে বলে? বৈশিষ্ট্য ও উদাহরণ সহযোগে সংক্ষেপে লেখো।
- খ) 'সে দয়ামাধব নহে, সে মানুষ। ইহা শুনিয়া আমি কাঁদিয়া উঠিলাম।' — কেন? প্রসঙ্গটি লেখো।
- গ) রাসসুন্দরী দেবীর কর্তার জীবনচরিতটি নিজের ভাষায় সংক্ষেপে লেখো।
- ঘ) একটি উৎকৃষ্ট রম্যরচনার বৈশিষ্ট্য আলোচনা করো।
- ঙ) মনুষ্যজাতির উপর যদি আমার প্রীতি থাকে, তবে আমি অন্য সুখ চাইনা। কে কোন্ প্রসঙ্গে একথা বলেছেন?
- চ) 'আর শুধু খ্যান খ্যান ভালো লাগেনা।' 'খ্যান খ্যান' শব্দটির প্রাসঙ্গিকতা 'বাঙ্গালির মনুষ্যত্ব' রচনা অবলম্বনে লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

- ক) পত্র সাহিত্যের গঠনরীতির উল্লেখ করে 'ছিন্নপত্রাবলী'কে শিল্পসার্থক পত্র সাহিত্য রূপে বিবেচিত করা যায় কিনা উল্লেখ করো।
- খ) 'আমার জীবন' গ্রন্থে রাসসুন্দরী দেবীর সামাজিক অনুসন্ধানটি নিজের ভাষায় লেখো।
- গ) তোমাদের পাঠ্য প্রবন্ধগুলির আলোকে কমলাকান্তের জীবনদর্শন সংক্ষেপে আলোচনা করো।
- ঘ) কৌতুক রস ও জীবন সত্যের সম্মিলন 'আমার মন' নিবন্ধ অবলম্বনে আলোচনা করো।